উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা পরিষদের আগস্ট/২০২২ (৪৪তম) মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

সভার তারিখ: ১১ আগস্ট, ২০২২, সময়: বেলা ১১.৩০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | <u>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:</u><br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | <u>স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:</u><br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান রয়েছে। | কার্যক্রম চলমান | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | <u>নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:</u><br>উপস্থানযোগ্য কোন নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার পাওয়া যায় নাই। | | সংশ্লিষ্ট সংস্থা প্রধান |
| | | **রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি, উপজেলা পরিচালন ও উন্নয়ন এবং হাট-বাজার ১৫% খাতে ব্যয়ের হিসাব:**<br>**(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিল সমন্বয়ের তালিকা: (জুলাই/২২-আগস্ট/২২):**<br>- ভাইস চেয়ারম্যানের জুলাই/২০২২ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>-মহিলা ভাইস চেয়ারম্যানের জুলাই/২০২২ মাসের সম্মানীভাতা -২৭,০০০/-টাকা<br>-মালীর জুলাই/২২ মাসের মজুরী বাবদ- ১৩,২০০/- টাকা<br>-পরিচ্ছন্নকর্মীর জুলাই/২২ মাসের মজুরী বাবদ- ১৩,২০০/- টাকা<br>-জুলাই/২০২২ মাসের আপ্যায়ন বিল বাবদ-৩০,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের প্রমোট ভবন (আবাসিক) এর অসমাপ্ত কাজ ও (২) উপজেলা পরিষদ হলরুম সংস্কার কাজের বিল প্রদান- ২,৩৩,৮২৫/- টাকা<br>**(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের <u>তালিকা</u> (জুলাই/২২- আগস্ট/২২):**<br>-সোনাপুর খালে শশ্মানের নিকট প্যালাসাইটিং/ গাইডওয়াল বিল উত্তোলন- ২,০০,০০০/- টাকা<br>-আড়কান্দি উচ্চ বিদ্যালয়ের ০২টি শ্রেনী কক্ষ ও সিড়ি লিনটেল পর্যন্ত নির্মাণ, (২) মীর মশাররফ কলেজের খেলার মাঠে গোলপোস্ট নির্মাণ-৯,৮৩,১৯১/- টাকা<br>-বালিয়াকান্দি উপজেলাধীন বহরপুর হাট ইসলামপুর ইউপি অফিস রাস্তার রেল লাইন ও বহরপুর হাটের মাঠে ইউড্রেন নির্মাণ কাজের বিল-১,৯৯,৫৬২/-<br>-বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্র ও বেঞ্চ সরবরাহ(প্র:-১)-২,০০,০০০/- টাকা<br>-বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্র ও বেঞ্চ সরবরাহ(প্র:-২)-২,০০,০০০/-টাকা<br>-করমচাদপুর গ্রামীণ রাস্তায় ছাত্তার এর বাড়ীর সামনে ৬০০ মি:মি: ডায়া পাইপ কালভার্ট নির্মাণ ও কালভার্ট এর উপর মাটি ফিলিং-১,৪৭,০৩৪/- টাকা<br>-করমচাদপুর গ্রামীন রাস্তায় খায়েরের বাড়ীর নিকট ইউড্রেন নির্মাণ-১,৪১,১২৫/-টা<br>(গ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে <u>পরিশোধকৃত বিল সমন্বয়ের তালিকা</u> (জুলাই/২২- আগস্ট/২২):<br>চলতি মাসে কোন প্রকল্প গৃহীত হয়নি।<br>(ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের <u>তালিকা (জুলাই-আগস্ট/২২):</u><br>চলতি মাসে কোন প্রকল্প গৃহীত হয়নি। | সভায় বিস্তারিত আলোচনান্তে রাজস্ব, উন্নয়ন, উন্নয়ন পরিচালন, এডিপি ও হাট-বাজার খাতসমূহের ব্যয়কৃত অর্থের বিপরীতে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (জুন/২২-জুলাই/২২):<br>চলতি মাসে কোন প্রকল্প গৃহীত হয়নি। | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই জানান যে, নিজ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ বিভিন্ন দিবস উদযাপন, নিয়মিত সকল সভা এবং অন্যান্য পরিদর্শন/দর্শন কাজ যথারীতি চলমান রয়েছে। এ পর্যায়ে তিনি দপ্তরভিত্তিক পৃথক পৃথকভাবে বিস্তারিত আলোচনার মাধ্যমে প্রত্যেকটি বিভাগের বিভিন্ন সমস্যাদির উপর আলোকপাত করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করে জানান যে, কোন কোন সার ডিলার যেখান থেকে সার উত্তোলন করেন সেখানেই বিক্রি করে দেন, ফলে প্রান্তিক পর্যায়ের কৃষকদের সার প্রাপ্তার ক্ষেত্রে ভোগান্তির কবলে পড়তে হচ্ছে। বিষয়টি নিয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সভায় ব্যাপক আলোচনা করেন। | ১।বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br>২। অনিয়ম তান্তিকভাবে ডিলার কর্তৃক সার বিক্রির কারণে সংশ্লিষ্ট সার ডিলারদের শাস্তিমূলক ব্যবস্থা অথবা প্রয়োজনে ডিলারশীপ বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>সকল ইউপি চেয়ারম্যান |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, বালিয়াকান্দি হাসপাতালে চলতি মাসে জেনারেটর চালু হয়েছে। ১৫ আগস্টে সেন্ট্রাল অক্সিজেনের শুভ উদ্বোধন হতে যাচ্ছে। এছাড়া ১৫ই আগস্ট ব্যাপী (৮-১৫ই আগস্ট) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ ক্যাম্পেইন চলবে। প্রসংগক্রমে আরো জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসকবৃন্দ প্রত্যেক ইউনিয়নে প্রতিবন্ধি সনদ প্রদানে কাজ করে যাচ্ছে। এছাড়া হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চালু আছে। | স্বাস্থ্যসেবা প্রদানের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান অত্র দপ্তরে জুলাই/২২ মাসে ১৬,৫২৯টি হাঁস-মুরগী এবং ১৫৯৬টি গবাদিপশুর চিকিৎসা প্রদান করা হয়। ১০৫০ টি গবাদিপশুকে কৃত্রিম প্রজনন করা হয়। জামালপুর ও জংগল ইউনিয়নে ০১দিন করে লাম্পি স্কিন ডিজিস প্রতিরোধে বিনা মূল্যে গবাদিপশুকে টিকা প্রদান করা হয়। বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে গবাদিপশুর চিকিৎসা খামারীদের দোড়গোড়ায় পৌছে দেওয়ার লক্ষ্যে ক্যাম্পিং ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে খরিপ-২/২০২২ মৌসুমে ভর্তুকী মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণের সার্কুলার হয়েছে, আগামী ২৫/০৮/২০২২ খ্রিঃ পর্যন্ত আবেদন করা যাবে। এই ভর্তুকীর আওতায় রয়েছে কম্বাইন হার্ভেস্টর, রিপার, রাইস ট্রান্সপ্লান্টার, পাওয়ার থ্রেসার, মেইজ সেলার, রিপার বাইন্ডার, ড্রায়ার, পাওয়ার উইডার, সিডার, বেড প্লান্টার, পটেটো ডিগার এবং ক্যারেট ওয়াশার। আবেদনকারীকে নির্ধারিত ফরমে আবেদন করতে এবং সাথে ০২ কপি ছবি ও এনআইডি কার্ডের ফটোকপিতে সচল মোবাইল ফোন নম্বর প্রদান করতে হবে। তিনি আরো জানান যে, ০১/০৮/২০২২ তারিখ হতে ইউরিয়া সারের খুচরা মূল্য প্রতি কেজি ২২ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া তিনি জানান চলতি অর্থবছরে বঙ্গবন্ধু জন্ম শতবর্ষ উপলক্ষ্যে গৃহীত প্রকল্পের পুষ্টি বাগানের কার্যক্র গৃহহীনদের গৃহে স্থাপনের ব্যাপারে সর্বোচ্চ প্রাধান্য দেয়া হবে। | প্রান্তিক পর্যায়ে সার প্রাপ্ততার বিষয়টি নিশ্চিতকরণের লক্ষ্যে সকল ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, নতুন জেলেদের নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। ইসলামপুর ও নবাবপুর ইউপি হতে কোন তালিকা পাওয়া যায় নাই। এছাড়া কারেন্ট জাল বিষয়ে মোবাইল কোর্ট করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | নতুন জেলেদের নিবন্ধন তালিকা সঠিকভাবে গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, চলতি আগস্ট মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৫৭৪২ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৩৪,৭৩২ জন এবং গ্রহণকারীর হার ৭৫.৯৩%। স্থায়ী পদ্ধতি পুরুষের সংখ্যা-০০জন, স্থায়ী পদ্ধতি মহিলার সংখ্যা-১৪জন, আইইউডি-০৯ জন, ইমপ্লান্ট-১৩জন, নবদম্পতির সংখ্যা-৪২ জন। নরমাল ডেলিভারী সংখ্যা-১৫জন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে সেবা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি জানান যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় সরকারি নির্দেশনা মোতাবেক প্রতি স্কুলে শোক দিবসের ড্রপডাউন ব্যানার স্থাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে প্রতি স্কুলে আলোচনা সভা, কবিতা আবৃতি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, দোয়া মাহফিল আয়োজনসহ প্রতি স্কুলে কমপক্ষে ০৩টি গাছের চারা রোপন করা হবে। এছাড়া বকচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আকতার জাহানের বিরুদ্ধে প্রাত্যহিত সমাবেশে জয়বাংলা স্লোগান বন্ধ, মাননীয় প্রধানমন্ত্রী, জাতীয় সংসদ নির্বাচন ও জাতির পিতার সম্পর্কে অশ্লীল মন্তব্যের জন্য তার শাস্তির ব্যাপারে সর্বশেষ অবস্থা সম্পর্কে আলোচনা করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | শিক্ষার মান বজায় রাখার পাশাপাশি সরকারি দায়িত্ব অবহেলার কারণে সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ঈদের পরে স্কুলসমূহের ক্লাস যথারীতি শুরু হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | শিক্ষার মান বজায় রাখার নিমিত্ত সকল পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি খাতে ১ম হতে ৪র্থ কিস্তি পর্যন্ত মোট ৮২.৬০ লক্ষ টাকা ও বিশেষ কিস্তির ২০ লক্ষ টাকা এবং কোভিড-১৯ খাতে ৩.৬৪ লক্ষ টাকাসহ সর্বমোট ১০৬.২৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ইতোমধ্যে এডিপি'র এবং কোভিড/১৯ খাতের উক্ত অর্থ দ্বারা গৃহীত মোট ৩০টি প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। চলতি অর্থ বছরের এডিপি বরাদ্দ এখনো পাওয়া যায়নি। এছাড়া অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।<br>২। বালিয়াকান্দি উপজেলা অফিসার্স ক্লাবের বেশ কিছু কার্যক্রম অসমাপ্ত রয়েছে। উক্ত অসমাপ্তকাজ সমাপ্ত করা বিশেষ জরুরী মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন। | বিশেষ তদারকির মাধ্যমে গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>২। বালিয়াকান্দি উপজেলা অফিসার্স ক্লাবের অসমাপ্তকাজ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১১ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের অসচ্ছল প্রতিবন্ধি ভাতার জন্য অনলাইন লিংকে (mis.bhata.gov.bd/onlineAplication) প্রতিবন্ধি ভাতার জন্য আবেদন দাখিলের কার্যক্রম আজ থেকে শুরু হয়েছে। এক্ষেত্রে গ্রাহকের এনআইডি, প্রতিবন্ধি কার্ড, মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন আবেদন ব্যতীত কাউকে ভাতা প্রদান করা সম্ভব হবে না। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। | অসচ্ছল প্রতিবন্ধি ভাতার জন্য অনলাইনে আবেদন সংক্রান্ত বিষয়টি গ্রাহক পর্যায়ে সহজীকরণের লক্ষ্যে বহুল প্রচার এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সাথে আলোচনার মাধমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে পুনরায় অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, জুলাই/২০২২ মাসে ঋণ বিতরণ ৫৩.৬৭ লক্ষ, ঋণ আদায় ৩৫.৩৫ লক্ষ, শেয়ার আদায় ০.২৩ লক্ষ এবং সঞ্চয় আদায় ২.৪০ লক্ষ টাকা। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ঋণ বিতরণ ও আদায় ভালভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | গত মাসের তুলনায় চলতি মাসে ঋণ বিতরণ-আদায় কম থাকায় উহা বৃদ্ধির জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম অব্যহত হয়েছে। তাছাড়া আরো জানান যে, ভিজিডি বরাদ্দ এখনো পাওয়া যায়নি। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কার্যপত্র না পাওয়ায় বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি, সমবায় বিভাগীয় ৮৩টি প্রাথমিক সমিতি এবং কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ বিভাগের আওতাভুক্ত ১০০টি প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। যার বার্ষিক অডিট, পরিদর্শন, তদন্ত ও বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পভুক্ত একটি সমবায় সমিতি রয়েছে। যেখানে সদস্যদের মধ্যে ২৭,৯০,০০০/- টাকা ক্রমপুঞ্জিভূত সরকারি ঋণ প্রদান করা | সমিতির কার্যপরিধি এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। | | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৫ই আগস্টে ১৫ জনের বিপরীতে ১০ লক্ষ টাকার যুব ঋণ বিতরণ করা হবে। এছাড়া বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান, যুব ও যুব মহিলার মধ্যে ঋণ বিতরণ কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কাজ সঠিকভাবে চলছে। | যুব ও যুব মহিলাদের আত্মকর্ম সংস্থানের লক্ষ্যে বিভিন্ন ট্রেডে সুষ্ঠু ও সুন্দরভাবে প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যু উন্নয়ন কর্মক |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বন বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। প্রসংগক্রমে তিনি জানান যে, মেগচামী ও খাশকান্দিতে ফলজ, বনজ ও ঔষধী গাছের ৪০০০টি চারা লাগানো হয়েছে। এ বছরে নতুন গাছ লাগানোর কোন কার্যক্রম বর্তমান পর্যন্ত পাওয়া যায়নি। তবে এমপি মহোদয়ের জন্য ৫০০০টি চারা বরাদ্দ আছে।<br>প্রসংগক্রমে উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, কয়েকটি বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে গাছ কতৃনের অনুমতি চেয়ে ফরিদপুর আঞ্চলিক কার্যালয়ে চিঠি প্রেরণ করা হয়েছে কিন্তু যথাসময়ে উত্তর না পাওয়ায় উন্নয়ন কাজ ব্যহত হচ্ছে। বিষয়টি উপজেলা বন কর্মকর্তার সহযোগিতার জন্য দৃষ্টি আকর্ষণ করেন। | যে সমস্ত এলাকায় গাছ কর্তন হয়েছে ঐ সমস্ত এলাকায় নতুন করে গাছ রোপনের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের আওতায় গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির বরাদ্দ পাওয়া গিয়েছে এবং বিভাজনের জন্য সভা আহবান করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রক বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক ১৬টি পানির উৎসের সহায়ক চাঁদা বাবদ ১৬,০০০/- টাকা উপজেলা পরিষদ থেকে প্রদানের সভায় আলোচনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সহায়ক চাঁদা প্রদানের বিষয়ে উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রকল্প গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)) | ১। উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটটর সভায় জানান যে, ''বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পূর্ণাঙ্গ সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন ও কোভিড-১৯ প্রতিরোধে প্রয়োজনীয় চিকিৎসা উপকরণ সরবরাহকরণ' উপ-প্রকল্প আগামী ১৫ আগষ্ট ২০২২ জাতীয় শোক দিবসে জনাব মোঃ জিল্লুল হাকিম, মাননীয় সংসদ সদস্য , রাজবাড়ী-২ মহোদয় শুভ উদ্ধোধন করার সদয় সম্মতি জ্ঞাপন করছেন। সে মোতাবেক সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। বিশেষ করে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম ট্রায়াল সম্পন্ন হয়েছে, নাম ফলক স্থাপন করা হয়েছে।<br>০২। উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটটর সভায় আরো জানান যে, অন্যান্য অবকাঠামো উন্নয়ন কাজ স্বাভাবিকভাবে চলমান আছে এবং ৪র্থ পর্যায়ের ০১(এক)টি প্রশিক্ষণ বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে। ৫ম পর্যায়ের ৪টি প্রশিক্ষণ বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে। | ১। জনাব মোঃ জিল্লুল হাকিম, মাননীয় সংসদ সদস্য , রাজবাড়ী-২ মহোদয়ের শুভ উদ্বোধন অনুষ্ঠান সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়।<br>২। চলমান অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহের নির্মাণ কাজ চলাকালীন নিয়মিত মনিটরিং এর মাধ্যমে কাজের গুণগত মান ঠিক রাখার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটটরকে অনুরোধ জানানো হয় ।<br>৩। দক্ষতা উন্নয়ন উপ-প্রকল্পসমূহ (প্রশিক্ষণ) বাস্তবায়নের গুণগত মান ঠিক রেখে বাস্তবায়ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য ইউডিএফকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বা ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটট |

| | | | | |
|---|---|---|---|---|
| | তথ্যকেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা জানান যে, জুলাই/২০২২ মাসে তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর, তথ্যকেন্দ্র ও উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার, কৃষি সংক্রান্ত তথ্যসেবা ও অনলাইনে চাকরির আবেদন ও তথ্যপ্রযুক্ত ভিত্তিক সেবা প্রদান করা হয়েছে। এছাড়া তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা ইত্যাদি বিষয়ে সচেতন করার লক্ষ্যে কাজ করার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২১ | বিবিধ | এ পর্যায়ে বালিয়াকান্দি উপজেলাধীন ০৭টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ চলতি অর্থ বছরের প্রাপ্ত এডিপি ও উন্নয়ন তহবিলের অর্থ ইউনিয়ন ভিত্তিক সম বন্টনের বিষয় তুলে ধরে আলোচনা করেন এবং গৃহীত প্রকল্পসমূহের কাজ সঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>২। অত:পর চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী জানান যে, উপজেলা রাজস্ব তহবিল, উন্নয়ন তহবিল এবং এডিপি'র অর্থ সকল বিধি-বিধান অনুসরণ করে ব্যয় করা হয় । ইউনিয়ন ভিত্তিক সমবন্টনের কোন সুযোগ নাই মর্মে সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে, সকলের দৃষ্টি আকর্ষণ করে বিভিন্ন বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমের ভিত্তিতে গত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিয়ে আলোকপাত করেন এবং বালিয়াকান্দি উপজেলার সর্বস্তরে উন্নয়নের লক্ষ্যে ইউপি চেয়ারম্যানসহ সরকারি সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন। সর্বপরি অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে প্রতিহত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সকল জনপ্রতিনিধি এবং সরকারি কর্মকর্তা/কর্মচারীগণকে সজাগ থাকার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এ পর্যায়ে ১) উপজেলা পরিষদ চত্বর পরিস্কার করণের লক্ষ্যে ঘাসকাটা মেশিনের তেল, মবিল ও তালা ক্রয় এবং বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর জন্মদিন উপলক্ষ্যে ব্যয়িত অর্থ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের বিষয়ে সভায় উপস্থাপন করেন। | উপজেলা পরিষদের উন্নয়নের স্বার্থে সংশ্লিষ্ট বিভাগের গৃহীত প্রকল্প এবং অন্যান্য কার্যক্রম সঠিকভাবে সম্পন্নের জন্য সকলকে অনুরোধ করা হয়।<br><br>২। ঘাসকাটা মেশিনের তেল, মবিল ও তালা ক্রয় এবং বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর জন্মদিন উপলক্ষ্যে ব্যয়িত অর্থ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল কর্মকর্তাবৃন্দ |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১/৮/২২

মোঃ আবুল কালাম আজাদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী।

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪- ৯৭(৩৪)

তারিখ: ১১ আগস্ট ২০২২ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০২
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী
০০-২৪। উপজেলা ......................কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী
২৫-৩১। চেয়ারম্যান ......................(সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী
৩২। অফিস কপি

১১/৮/২২

আম্বিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।

পরিশিষ্ট-'ক'

## উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০২ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আহম্মদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ বাদশা আলমগীর | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ জহরুল ইসলাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আলমগীর বিশ্বাস | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব এ. কে. এম ফরিদ হোসেন | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১০ | জনাব কল্লোল বসু | চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডা:মোহাম্মদ নাছির উদ্দিন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডা: মোহাম্মদ হক | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ আনোয়ার হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ জাহিদুজ্জামান এর পক্ষে | জনাব মর্জিনা খাতুন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মোঃ আশরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব খন্দকার রাহাত ফেরদৌস | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মর্জিনা বেগম | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এর প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব কাজী এজাজ কায়ছার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোঃ আজিজুল হক | বন কর্মকর্তা, বালিয়াকান্দি | স্বাক্ষরিত |
| ২২ | জনাব জাহিদুর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব হাসিনা ফাহমিদা বানু | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মোঃ আহাদুজ্জামান খান | সহকারী প্রোগ্রামার | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মো: রেজাউল করিম | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মোঃ আজিজুল হক | উপজেলা বন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব কামরুন্নহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| | জনাব নাজিউর রহমান | ইউডিএপ, ইউডিজিপি | |

## অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| | | |